**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 27-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-35 AM** **Compiling : Jayanta S./ NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ কলকাতা হাইকোর্ট, OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার চূড়ান্ত শুনানি আগামী নভেম্বর মাসে হবে বলে জানিয়েছে।

# বিজেপি, রাজ্যে সম্প্রতি আদিবাসীদের ওপর আক্রমণের ঘটনার তীব্র নিন্দা করেছে।

২/ স্কুল শিক্ষা কর্মী গ্রুপ-সি নিয়োগ দুর্নীতি মামলায় CBI গতকাল, SSC-র প্রাক্তন চেয়ারম্যান সুবীরেশ ভট্টাচার্য সহ পাঁচ অভিযুক্তের কন্ঠস্বরের নমুনা সংগ্রহ করেছে।

৩/ সমাজ মাধ্যমে ইনফ্লুয়েন্সার বা নেট প্রভাবিরা, নিজেদের কন্টেন্ট তৈরী করার জন্য বাক-স্বাধীনতাকে রক্ষাকবচ হিসেবে ব্যবহার করতে পারবেন না বলে, মোট প্রকাশ করেছে সুপ্রিম কোর্ট।

৪/ 'ছাত্র সংসদ' নির্বাচনের ক্ষেত্রে কলকাতা হাইকোর্ট, কলেজ ও বিশ্ব বিদ্যালয়গুলিকে মামলায় যুক্ত করার নির্দেশ দিয়েছে।

৫/ আজ গণেশ চতুর্থী। ভাদ্র মাসের শুক্কা পক্ষের পূণ্য তিথিতে রাজ্য তথা দেশজুড়ে সিদ্ধিদাতা গণপতির আরাধনা চলছে।

৬/ বাংলার কোয়েল বর আমেদাবাদে আয়োজিত কমনওয়েলথ ভারোত্তোলন প্রতিযোগিতায় গতকাল বিশ্বরেকর্ড করে স্বর্ণপদক জয় করেছে।

***************************************************************************

কলকাতা হাইকোর্টে OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার চূড়ান্ত শুনানি হবে আগামী নভেম্বর মাসে। তার আগে মামলার সব পক্ষকে হলফনামা দেওয়ার নির্দেশ দিয়েছে, দুই বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ।

আদালতে গতকাল রাজ্যের আইনজীবি জানান, OBC মামলায় হাইকোর্টের দেওয়া নির্দেশের বিরুদ্ধে রাজ্য যে আবেদন জানিয়েছে, শীর্ষ আদালতে আগামী পয়লা সেপ্টেম্বর তার শুনানি হবে।

অন্যদিকে, জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশ স্থগিত এবং নতুন OBC তালিকা স্থগিত করার রায় নিয়েও সুপ্রিম কোর্ট, ৯'ই সেপ্টেম্বর শুনানি গ্রহণ করবে। এর প্রেক্ষিতে হাইকোর্ট জানায়, ওই দুই শুনানি না হওয়া পর্যন্ত এখানে মামলা শোনার কোন অবকাশ নেই। তাই সমস্ত মামলাই, নভেম্বর পর্যন্ত পিছিয়ে দেওয়া হল।

***************************

বিজেপি রাজ্যে সম্প্রতি আদিবাসীদের উপর আক্রমণের ঘটনার তীব্র নিন্দা করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আদিবাসীদের উপর আক্রমণের পাঁচটি ঘটনার ভিডিও দেখিয়ে বলেন, প্রতিটি ক্ষেত্রেই এফআইআর হওয়া সত্ত্বেও আক্রান্ত ও তার পরিবার বিচার পায়নি। এই ঘটনার জন্য রাজ্যের বর্তমান সরকার দায়ী বলে অভিযোগ করেন তিনি। এর বিরুদ্ধে বিজেপি আন্দোলন চালিয়ে যাবে। তিনি বলেন,রাজ্যে আদিবাসীদের ওপর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে লাগাতার আক্রমণ চলছে। শিক্ষা ও চাকরি ক্ষেত্রে আদিবাসীদের সংরক্ষণ প্রায় তুলে দেওয়া হয়েছে বলেও জানিয়েছেন শ্রী অধিকারী।

(বাইট- শুভেন্দু )

আদিবাসীদের ক্ষেত্রে ৬শতাংশ এবং তপশিলিদের ২২শতাংশ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে, যার ফলে আদিবাসীরা বিভিন্ন সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। গত দশ বছরে সংরক্ষণ তুলে দিয়ে প্রায় সত্তর হাজার অস্থায়ী ও চুক্তিভিত্তিক কর্মী নিয়োগ হয়েছে। সম্প্রতি খাদ্য দপ্তরেও ১৫হাজার টাকায় আই প্যাকের সদস্যদের নিয়োগ করা হচ্ছে। সেখানে আদিবাসী সংরক্ষণের কোন উল্লেখ নেই। অস্থায়ী ও চুক্তিভিত্তিক নিয়োগের

ক্ষেত্রেও সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে বলে জাতীয় এসসি,এসটি কমিশনের স্পষ্ট নির্দেশ রয়েছে তবে রাজ্য সরকার বিষয়টিকে এড়িয়ে যাচ্ছে।

**************************

নির্বাচন কমিশন রাজ্যের প্রায় ৯৪ হাজার বুথের পরিকাঠামো উন্নয়নের প্রয়োজন নির্ধারণে সমীক্ষা শুরু করছে। কমিশনের নির্দেশে রাজ্য সরকারের অধীনস্থ সংস্থা 'দ্য ম্যাকিন্টশ বার্ন লিমিটেড' এই সমীক্ষার কাজ করবে। সংস্থার প্রতিনিধিদের প্রতিটি বুথে সরজমিনে গিয়ে পরিকাঠামোর অবস্থা খতিয়ে দেখে রিপোর্ট পেশ করবেন। সেই রিপোর্টের ভিত্তিতে কমিশন পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

আগে থেকেই নির্বাচন কমিশন জানিয়েছিল, ভোটারদের সুবিধার্থে একটি বুথে ন্যূনতম পরিকাঠামো থাকা বাধ্যতামূলক। ভোটগ্রহণ কেন্দ্রে টেবিল, চেয়ার, বেঞ্চ এবং বিদ্যুৎ সংযোগ থাকতে হবে। পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা রাখতে হবে। ভোটকেন্দ্রের অবস্থান অবশ্যই নিচ তলায় হতে হবে, উপরের তলায় নয়। বিশেষভাবে সক্ষম, অন্তঃসত্ত্বা এবং প্রবীণ ভোটারদের জন্য বসার ব্যবস্থা রাখা বাধ্যতামূলক। হুইলচেয়ার ওঠানো-নামানোর জন্য র‍্যাম্প থাকা আবশ্যক।

বর্তমানে রাজ্যে মোট বুথের সংখ্যা ৮০ হাজার ৬৮১। নতুন বুথ তৈরি হলে মোট সংখ্যা প্রায় ৯৪ হাজারে পৌঁছাবে।

**************************

কোচবিহারের তুফানগঞ্জে ব্লক সভাপতি পরিবর্তন নিয়ে গোষ্ঠী সংঘর্ষের অভিযোগ উঠেছে। গতকাল দু-নম্বর ব্লকের সভাপতি পরিবর্তন হতেই, প্রাক্তন সভাপতি চৈতি বর্মণ বড়ুয়ার বাড়িতে হামলার অভিযোগ ওঠে নতুন ব্লক সভাপতি নিরঞ্জন সরকার ও তাঁর অনুগামীদের বিরুদ্ধে। তবে, জেলা নেতৃত্বের দাবি, এটা কোন গোষ্ঠী দ্বন্দ্ব নয়। দুষ্কৃতীরাই এই হামলা চালিয়েছে।

**************************

স্কুল শিক্ষা কর্মী গ্রুপ-সি নিয়োগ দুর্নীতি মামলায় CBI গতকাল, SSC-র প্রাক্তন চেয়ারম্যান সুবীরেশ ভট্টাচার্য সহ পাঁচ অভিযুক্তের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করেছে।

আলিপুর আদালতে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ওই নমুনা সংগ্রহ করা হয়। তদন্তকারী সংস্থার সূত্রে খবর, নিয়োগ তালিকা প্রকাশের আগে এই পাঁচজন একটি বৈঠক করেন। সম্প্রতি সেই বৈঠকের অডিও ক্লিপিং সামনে আসে। সেখানে পাওয়া কন্ঠস্বর ওই পাঁচ অভিযুক্তের কিনা, তা' জানতে ফরেন্সিক পরীক্ষার জন্য কন্ঠস্বরের নমুনা সংগ্রহের প্রয়োজন পড়ে। আজ নমুনা সংগ্রহের রিপোর্ট বিশেষ আদালতে জমা দেবে CBI ।

***************************

'ছাত্র সংসদ' নির্বাচনের ক্ষেত্রে কলকাতা হাইকোর্ট, কলেজ ও বিশ্ব বিদ্যালয়গুলিকে মামলায় যুক্ত করার নির্দেশ দিয়েছে। গতকাল দুই বিচারপতি স্মিতা দাস দে এবং সুজয় পালের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, এব্যাপারে আগামী ১০'ই নভেম্বর পৃথক শুনানি করা হবে। একইসঙ্গে ওই দিন কলেজে র‍্যাগিং-এর বিষয়টিও শুনবে আদালত।

উল্লেখ্য, গতকাল মামলার শুনানিতে রাজ্যের আইনজীবি কল্যাণ বন্দ্যোপাধ্যায়, ছাত্র সংসদ নির্বাচন এবং অ্যান্টি র‍্যাগিং কমিটি গড়ার দায়, 'রাজ্যের নয়' বলে জানিয়ে, তা' কলেজগুলির দিকেই ঠেলে দেন। এর প্রেক্ষিতে ডিভিশন বেঞ্চ জানিয়েছে, রাজ্য সরকার এই নির্বাচন করাতে দায়বদ্ধ কিনা, তা' সর্বাগ্রে বিবেচনা করতে হবে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী রবিবার ৩১-শে আগস্ট, আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

***************************

সমাজ মাধ্যমে ইনফ্লুয়েন্সার বা নেট প্রভাবিরা, নিজেদের কন্টেন্ট তৈরী করার জন্য বাক-স্বাধীনতাকে রক্ষাকবচ হিসেবে ব্যবহার করতে পারবেন না বলে, সুপ্রিম কোর্ট জানিয়েছে। শীর্ষ আদালতের দুই বিচারপতি সূর্য কান্ত এবং জয়মাল্য বাগচী জানিয়েছেন, নেট প্রভাবিরা নিজেদের বক্তব্যের বাণিজ্যিকিকরণ করেন। সেক্ষেত্রে কোনো কন্টেন্ট বাণিজ্যিক বা নিষিদ্ধ বক্তৃতার আওতায় পড়লে, সেটির জন্য বাক-স্বাধীনতার অধিকার

প্রযোজ্য হবেনা। ভবিষ্যতে এধরণের কন্টেন্ট তৈরী করলে, আর্থিক জরিমানা করা হতে পারে বলে শীর্ষ আদালত জানিয়েছে। একইসঙ্গে প্রকাশ্যে ক্ষমা চাওয়ার নির্দেশ'ও দিয়েছেন বিচারপতিরা।

উল্লেখ্য, সম্প্রতি একটি কমেডি শো-এ, বিশেষভাবে সক্ষমদের নিয়ে কিছু কুরুচিকর মন্তব্য, কৌতুকের ছলে করা হয়। কিন্তু রসিকতার মধ্যে সংবেদনশীলতার অভাব রয়েছে বলে, এর বিরুদ্ধে শীর্ষ আদালতে মামলা দায়ের করে একটি সংস্থা।

*************************

স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে আজ উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা হাওড়া নদীয়া এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে দমকা হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গে আজ বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে। দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টি হতে পারে। এদিকে, উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন ওড়িশা উপকুলের ওপর তৈরি হওয়া নিম্নচাপ অঞ্চলটি ক্রমশ পশ্চিম উত্তর পশ্চিমে অগ্রসর হবে এবং আগামী ২৪ ঘন্টায় তা সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। যদিও এর কোন প্রত্যক্ষ প্রভাব এরাজ্যে পড়বে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আগামীকাল পর্যন্ত মৎস্যজীবীদের ওড়িশা উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

*************************

সাম্প্রতিক বৃষ্টিতে পশ্চিম মেদিনীপুরের ঘাটালে ফের বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। গত ১০ দিনের ব্যবধানে ফের জল বেড়েছে পান্না এলাকায়। ঘাটালের পাশাপাশি দাসপুরও জলমগ্ন। সদর মহকুমা শাসক সুমন বিশ্বাস জানিয়েছেন, বিডিও রা এলাকা পরিদর্শনের কাজ চালাচ্ছেন। দুর্গতদের মধ্যে বিলি করা হচ্ছে ত্রিপল এবং রান্না করা খাবারও। খোলা হয়েছে মেডিকেল ক্যাম্প। এ'পর্যন্ত ১৫০ জন সাপে কাটা রোগী ভর্তি রয়েছেন হাসপাতালে। স্নেক ক্যাচারদের হাতে ধরা পড়েছে ৭০০ সাপ। প্লাবিত এলাকায় প্রাথমিক স্কুলের পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে বলেও জানা গেছে।

**************************

বেতন ও ভাতা বৃদ্ধির দাবিতে মিড ডে মিল কর্মীদের নবান্ন অভিযানকে কেন্দ্র করে গতকাল  মধ্য কলকাতার ধর্মতলায় ব্যাপক যানজট তৈরি হয়। ব্যারিকেডের মাধ্যমে পুলিশ তাদের নিউ মার্কেট থানার সামনে আটকে দিলে তৈরী হয় উত্তেজনা। পুলিশের সঙ্গে তাদের ধস্তাধস্তিও বাধে। দশ মাসের পরিবর্তে ১২ মাসের জন্যে তাদের ভাতা এবং পুজোর আগে বোনাসের'ও দাবি জানিয়েছেন আন্দোলনকারীরা।

**************************

আজ গণেশ চতুর্থী। ভাদ্র মাসের শুক্লা পক্ষের পূণ্য তিথিতে রাজ্য তথা দেশজুড়ে সিদ্ধিদাতা গণপতির আরাধনা চলছে। বারোয়ারি পুজোর পাশাপাশি অনেক গৃহস্থের বাড়িতেও গণেশ পুজোর আয়োজন করা হয়েছে। কোন কোন জায়গায় ১০ দিনব্যাপী গণেশ পুজো করা হয়ে থাকে। গণেশ পুজো উপলক্ষে মণ্ডপগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে।

পূর্ব কলকাতার বিধাননগর সেক্টর টু-এ যুব ইউনাইটেড ক্লাবের উদ্যোগে আয়োজিত সিদ্ধিদাতা গণেশ পুজো ও মেলার গতকাল আনুষ্ঠানিক সূচনা করেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল কলকাতা ও উত্তর ২৪ পরগণার বেশ কয়েকটি গণেশ পুজোর উদ্বোধন করেন।

অন্যদিকে, গণেশ প্রতিমা বিসর্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, আগামীকাল থেকে (28.08.2025) রবিবার (31.08.2025) পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। তিনটি জোড়া EMU লোকাল কলকাতা স্টেশন থেকে যাতায়েত করবে। একটি EMU লোকালের যাত্রাপথ পরিবর্তন হয়ে হবে শিয়ালদা নর্থ স্টেশন। আরো বেশ কিছু ট্রেনের যাত্রা পথ পরিবর্তন ও সংক্ষিপ্ত করা হয়েছে।

**************************

বাংলার কোয়েল বর আমেদাবাদে আয়োজিত কমনওয়েলথ ভারোত্তোলন  প্রতিযোগিতায় গতকাল বিশ্বরেকর্ড করে স্বর্ণপদক জয় করেছে। এই প্রতিযোগিতায় ১৭ বছর বয়সী কোয়েল, একইসঙ্গে বিশ্বরেকর্ড-এর হ্যাট্রিক করেছে।

মেয়েদের  ইউথের  ৫৩ কেজি বিভাগে কোয়েল মোট ১৯২ কেজি ওজন তুলে বিশ্বরেকর্ড করে। সেই সঙ্গে জিতে নেয় সোনা। এই বিভাগে আগের বিশ্বরেকর্ড ছিল-

১৮৮ কেজি। ক্লিন অ্যান্ড জার্ক-এর ১০৫ কেজির বিশ্ব রেকর্ড ভেঙে ১০৭ কেজি ওজন তোলে কোয়েল। পাশাপাশি স্ন্যাচ-এ ৮৫ কেজি ওজন তুলে বিশ্ব রেকর্ড স্পর্শ করেছে সে। অন্যদিকে, বাংলার অনিক মোদী, ইউথে ৬৫ কেজি বিভাগে ২৩৮ কেজি ভারোত্তোলন করে সোনা জিতেছে।

*****************************************************************